

**একই স্মারক ও তারিখের স্বাগতভিষিক্ত হবে**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-১)-৭৮৩

তারিখঃ ১৫-০৯-২০২০খ্রিঃ

**বিষয়ঃ কোভিড-১৯ ডেডিকেটেড হাসপাতালের কার্যক্রম বাতিলপূর্বক সাধারণ রোগী সেবা কার্যক্রম পরিচালনা।**

সূত্রঃ পরিচালক (হাসঃ ও ক্লিনিক) স্বাস্থ্য অধিদপ্তরের ২৭-০৮-২০২০ তারিখের ১০৩৭ এবং ২৩-০৮-২০২০ তারিখের ১০১৯ সংখ্যকপত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস মোকাবেলায় কোভিড-১৯ সংক্রমিত রোগীদের চিকিৎসার প্রয়োজনে নিম্নোক্ত তিনটি হাসপাতাল-কে কোভিড-১৯ হাসপাতাল হিসাবে কার্যক্রম পরিচালনার জন্য ডেডিকেটেড ঘোষণা করা হয়েছিলঃ

- ১। ঢাকা মহানগর হাসপাতাল, বাবুবাজার, ঢাকা;
- ২। লালকুঠি হাসপাতাল, মিরপুর, ঢাকা;
- ৩। বসুন্ধরা কোভিড হাসপাতাল, কুড়িল, ঢাকা।

০২। বর্তমানে উপর্যুক্ত তিনটি হাসপাতালে সাধারণ বেড এবং আইসিইউ বেডে কোন রোগী না থাকায়/সংখ্যা একবারেই কমে যাওয়ায় উক্ত হাসপাতালগুলোতে কোভিড-১৯ চিকিৎসা কার্যক্রম বাতিলপূর্বক সাধারণ রোগীর চিকিৎসার প্রয়োজনে নন-কোভিড চিকিৎসা কার্যক্রম চালুর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, এ আদেশ দ্বারা উপরিউক্ত হাসপাতালগুলোর কোভিড-১৯ সংক্রান্ত সকল আদেশ বাতিল করা হলো এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
১৫/০৯/২০২০

ড. বিলকিস বেগম  
উপসচিব

E-mail: ghm1@hsd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

- ১। পরিচালক, ঢাকা মহানগর হাসপাতাল, বাবুবাজার, ঢাকা;
- ২। পরিচালক, লালকুঠি হাসপাতাল, মিরপুর, ঢাকা।
- ৩। পরিচালক, বসুন্ধরা কোভিড হাসপাতাল, কুড়িল, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৭। যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।